


পলাশবরন পাল-এর কয়েকটি বই

- হক কথা ৪৫০
 - এক থেকে ছয় ৫০০
 - কথায় কথায় ৪০০
 - যেখানে বৃষ্টির জন্ম ২০০
- পাবলো নেরন্দার কবিতার অনুবাদ

পরম্পরা

বইয়ের জন্য

প্রথম বর্ষ প্রথম সংখ্যা অগাস্ট ২০২৬



চিন্ময় গুহ

সত্যজিৎ রায়ের ছবি দেখার দৃষ্টি

একজন একত্রিশ-বত্রিশ বছরের যুবক, সত্যজিৎ রায় (১৯২১-১৯৯২), চলচ্চিত্রের পর্দায় এক গ্রহীতে বেঁধে দিতে পেরেছিলেন জীবন আর সৃজনকে, যা গত শতাব্দীর দ্বিতীয়ার্ধে বিশ্বচলচ্চিত্রের শ্রেষ্ঠ আত্ম-আবিষ্কারগুলির একটি। তাঁর হাতে চলচ্চিত্রের ভাষা হয়ে উঠল এক শাঁসে ভরা শৈল্পিক বুনন। দৃশ্যের পর দৃশ্য এক নিবিড় ঘনবদ্ধতা সত্যজিৎকে বিশ্বের মহত্তম স্রষ্টাদের একজন করে তুলেছে। এ যেন তিল তিল করে এক ইতিহাস-সচেতন চিত্রকরের সূচিস্থিত নির্মাণ, যা চলচ্চিত্রকে সেই স্তরে উত্তীর্ণ করে


যেখানে মিশে থাকে রবীন্দ্রনাথ কথিত 'ইতিহাসের নিত্যসত্য' আর 'সাহিত্যের চিরসত্য'। রঞ্জনরশ্মির মতো পর্যবেক্ষণশক্তি দিয়ে গভীর মমতায় (যেমন, 'কাপুরুষ' ছবির চিত্রনাট্যের মার্জিনে লিখেছিলেন 'করণা জল খেয়েছে, ওর ঠোঁটে কি জল লেগে থাকবে?') চরিত্রের নানা দিককে এক বহুস্তর সাংগীতিক আঙ্গিকে ধরা তাঁকে বিশিষ্টতা দিয়েছে। আঁদ্রে বাজ্যাঁ, কুরোসাওয়া, পাজেলিনি, মার্টিন স্করসেজে থেকে ওয়েস অ্যান্ডারসন ও ক্রিস্টোফার নোলান তাঁর গুণগ্রাহী। সারা পৃথিবীর দীক্ষিত দর্শক জানেন তাঁর চলচ্চিত্রে ক্ষুদ্রাতিক্ষুদ্র খুঁটিনাটিও কীভাবে প্রাণ পেয়ে জীবন্ত হয়ে ওঠে। বিশ্বসাহিত্য সম্পর্কে আগ্রহের পাশাপাশি, চলচ্চিত্র নিয়ে চিন্ময় গুহ-র উৎসাহ কম নয়। তিনি যেমন বার্গম্যান, আস্তোনিওনি, এরিক রোমার ও মৃণাল সেনকে নিয়ে লিখেছেন তেমনই গভীর ভালবাসা ও নিষ্ঠায় আঠারো-উনিশ বছর বয়স থেকে সত্যজিৎ রায়কে বোঝার চেষ্টা করেছেন। সেই দীর্ঘ সত্যজিৎ-চর্চার অপূর্ব ফসল এই বই।

■ মুদ্রিত মূল্য ৬০০ টাকা প্রচ্ছদ : গৌতম মাঝি M ৯৯০৩০ ৯১২২৫

চিন্ময় গুহ অন্ধ আয়না

এক অন্ধ আয়নার সামনে কম্পমান এক সত্তা, মানুষ। তাকে নানা দিক থেকে অন্তহীনভাবে বোঝার চেষ্টা করে চলেছেন এই সময়ের এক সত্যার্থী ও প্রধান গদ্যশিল্পী চিন্ময় গুহ। শিল্প সাহিত্য মনস্তত্ত্ব সমাজ হয়ে উঠছে তাঁর মানবিক অনুধ্যানের অঙ্গ। বুদ্ধদেব বসু ও শঙ্খ ঘোষের পর তাঁর গদ্যের মায়াময় তীব্রতা বাংলা ভাষার অহংকার। প্রচ্ছদ : কৃষ্ণেন্দু চাকী ■ মুদ্রিত মূল্য ৪৯৯ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫





চিন্ময় গুহ দ্বিতীয় সংস্করণ প্রচ্ছদ : কৃষ্ণেন্দু চাকী বিন্দু থেকে বিন্দুতে

এগারো বছর পরে বিশিষ্ট প্রাবন্ধিক সাহিত্য অকাদেমি পুরস্কারে পুরস্কৃত চিন্ময় গুহ-র নতুন সম্ভবত এখনও পর্যন্ত তাঁর শ্রেষ্ঠ প্রবন্ধ সংকলন। জ্ঞান ও শিল্পরসকে চিন্ময় গুহ এক অপূরণ্য রাগিণীরেখায় মিশিয়ে দিতে পেরেছেন। এমন অনুরণনময় চিন্তাশীল গদ্য সম্ভবত বুদ্ধদেব বসুর পর আর কেউ লেখেননি। তাঁর গভীরতা ও বিস্তৃতি কখনও বা সাতরাঙা রামধনুর মতো কখনও বা মালকোষ বা আহির ভৈরবী। পরম্পরার গর্ভিত নিবেদন গত এক দশকে লেখা ঘুমের দরজা ঠেলে-র পর তাঁর অন্যতম শ্রেষ্ঠ গ্রন্থ।

■ মুদ্রিত মূল্য ৩৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

চিন্ময় গুহ আয়না ভাঙতে ভাঙতে



সংযোজিত ও পরিমার্জিত দ্বিতীয় সংস্করণ

প্রচ্ছদ : কৃষ্ণেন্দু চাকী

কয়েকজন ব্যতিক্রমী মানুষের সঙ্গে এইসব নিবিষ্ট সংলাপ শুধু মানুষটি ও তাঁর কাজকে বুঝতে চেষ্টা করে সাংস্কৃতিক ইতিহাসের এক বয়ান।

একালের সারস্বত সমাজের এক বিশিষ্ট প্রতিনিধির সঙ্গে এঁদের এই বহুকৌণিক কথোপকথন যেন সরোদ ও সেতারের যুগলবন্দি।

■ মুদ্রিত মূল্য ৬৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



এক আকাশ হাইকু

প্রচ্ছদ : ইউশিন সাকো


হাইকু নামে শিশিরবিন্দুর মতো তিন লাইনের জাপানি কবিতা, যা বিশ্বচরাচরের আভাস বয়ে আনে। এ শুধু শুদ্ধতম শিল্প নয়, এ হল জেন-ধর্মী ধ্যানমগ্নতা, যা ক্ষণস্থায়ী জীবনের মায়া ও মোহকে অতিক্রম করে জ্বালিয়ে দেয় এক সুপ্তিশান্ত আলো। ছোটো ছোটো ফ্রেমে ধরা থাকে মহাকাল, যেখানে মানুষ আর প্রকৃতি একা। রবীন্দ্রনাথের ভাষায়, ‘জাপানি পাঠকের মনটা চোখে ভরা।’ যেন একেকটি প্রদীপ, যা ফুটিয়ে তোলে দার্শনিকের বিস্ময়!

■ মুদ্রিত মূল্য ৪০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

চিন্ময় গুহ শিল্পভাবনা ও নির্দেশনা : সৌরীশ মিত্র

পাথরের ফণা ও ঈশ্বর


কখনও মধুবন্তী, কখনও বিলাসখানি টোড়ি, কখনও মালকোষ। চিন্ময় গুহ তাঁর প্রবন্ধে ও সাহিত্য-সমালোচনায় জ্ঞানচর্চা ও শিল্পরসকে এক অবিমিশ্র রাগিণীরেখায় মিলিয়ে দিতে চেয়েছেন। আসলে তিনি আদ্যন্ত এক কবি। তাঁর ভাষার গভীরতা ও বিস্তৃতি সাতরঙা রামধনুর মতো। কয়েক দশক পরে এই দুঃখদন্ধ সময়ে আজ আবার কবিতার কাছে ফিরে এসেছেন তিনি। তাঁর ভাষায়, ‘যেন এক অজানা বীজগণিতের মধ্যে রাখা আছে জন্মমুকুলের বীজ। এদের কবিতা বলব, না শুধুই “লিখন” (écriture), জানি না।’ পুরনো-নতুন মিলিয়ে এই অপরূপ অক্ষরমালা একেবারেই আলাদা এক অনুরণন সৃষ্টি করবে। ■ মুদ্রিত মূল্য ৪০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫




গ্যুস্তাভ ফ্লবের-র আহাম্মকের অভিধান

সম্পাদনা ও ফরাসি থেকে অনুবাদ চিন্ময় গুহ

মানুষের মুখোশ খুলে দেওয়ার উদ্দেশ্যে লেখা ফ্লবের-এর বিস্ফোরক ‘আহাম্মকের অভিধান’ যা পড়ার পর লোকে কথা বলতে ভয় পাবে, পাছে ‘এই অভিধানের কোনও বাক্যের সঙ্গে তার বক্তব্য হুবহু মিলে যায়’। পুরস্কার বাইরে নিন্দে করবে ও মনে মনে আকাঙ্ক্ষা করবে। একবার পেয়ে গেলে বলতে হবে ‘আমি তো চাইনি’। বিবাহ-বিচ্ছেদ নেপোলিয়ন বিবাহ-বিচ্ছেদ না করলে আজও রাজত্ব করতেন। বিশ্বস্ত বন্ধু ও কুকুরদের ক্ষেত্রে প্রযোজ্য।




■ মুদ্রিত মূল্য ২০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



চিন্ময় গুহ প্রচ্ছদ : কৃষ্ণেন্দু চাকী

সুরের বাঁধনে : রবীন্দ্রনাথের সঙ্গে

রবীন্দ্রনাথকে নিয়ে সাতরঙা ময়ূরপাখির মতো এই বই। কখনও একা, কখনও ছোট্ট একটি মেয়ের সঙ্গে, কখনও ফরাসি দেশের কয়েকজন মনীষার হাত ধরে এক অনন্ত সমুদ্রে ভাসমান এই নৌকায় আমাদের নিয়ে পাড়ি দিয়েছেন একালের এক শ্রেষ্ঠ গদ্যকার চিন্ময় গুহ, যিনি বাংলা, ইংরেজি ও ফরাসি সাহিত্যের জগতে বিচরণ করেন সমান সাবলীলতায়। এখানে রয়েছে রাণু, আনা দ্য নোয়াই, স্যাঁ-জনপের্স, আঁদ্রে জিদ আর রম্যাঁ রলঁর সঙ্গে রবীন্দ্রনাথের সম্পর্ক নিয়ে কয়েকটি মুক্তোর মতো রচনা ও রবীন্দ্রনাথকে নিয়ে একটি স্বপ্নিল কথোপকথন। ■ মুদ্রিত মূল্য ১৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



আকাশবাণী ও বাংলাদেশ মুক্তিযুদ্ধ

ভবেশ দাশ



বাংলাদেশ মুক্তিযুদ্ধে আকাশবাণীর ভূমিকা অবিস্মরণীয়। তারই ইতিবৃত্ত ধরা আছে এই বইয়ে। সেই সঙ্গে পরিশিষ্টে যুক্ত হয়েছে আকাশবাণীর ভূমিকা বিষয়ের বেতারের সঙ্গে যুক্ত কিছু বিশিষ্টজনের মূল্যবান রচনা। যুক্ত হয়েছে যুদ্ধের সময়ে আকাশবাণী কলকাতা কেন্দ্রের অসামান্য উদ্ভাবন ‘রেডিও কার্টুন’-এর কয়েকটি টেক্সট। এমন তথ্যসমৃদ্ধ বই এই প্রথম। ■ মুদ্রিত মূল্য ৪২৫ টাকা
□ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫ প্রচ্ছদ :
দয়াময় বন্টনোপাধ্যায়

দুই হাতে যাঁর নিরাময়

ভবেশ দাশ

প্রচ্ছদ : দেবব্রত ঘোষ

রবীন্দ্রপথে হাঁটা আর রবীন্দ্ররথের ধ্বজা উড়িয়ে চলা এক নয়। এর একটায় আছে জাগিয়ে তোলা, আরেকটায় মাতিয়ে তোলা। জাগিয়ে তোলায় চাই ধৈর্য, মগ্নতা, স্থিরতা আর মাতিয়ে তোলায় থাকে উদযাপনের আড়ম্বর, যা ক্ষণিক উন্মাদনার স্রোতে বেসে যায়। ধৈর্য, মগ্নতা, স্থিরতা আমাদের নিয়ে যেতে পারে জড়তাহীন স্বচ্ছ মুক্তমনের দিকে। সেই মুক্তমন নিয়ে রবীন্দ্রপথে হেঁটেছেন শঙ্খ ঘোষ। তিনি বিশ্বাস করতেন জীবনের যাপনও রচনা করতে পারে এক শিল্পলোক। আমরাও তাঁকে মনে করি জীবনের যাপনশিল্পী। তাঁর বাচনে থাকে আরোগ্যপথের ইশারা, আর তাঁর রবীন্দ্রধানমগ্ন হৃদয় থেকে উৎসারিত হয় দৃষ্টিপথের আলো। ■ মুদ্রিত মূল্য ৩৫০ টাকা
□ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



সম্প্রচারের ভাষা নানা প্রসঙ্গ

সম্পাদনা : ভবেশ দাশ প্রচ্ছদ : গৌতম মাঝি

সম্প্রচারের ভাষার দৌড় অনেক দূর। প্রচারের পরিধি জুড়ে তার বিস্তার। অসংখ্য শ্রোতা আর দর্শকের কানে এই ভাষার অভিঘাত। সম্প্রচার চায় শীলিত, সহজ, নিটোল এক ভাষাভঙ্গি, যা শ্রোতা-দর্শককে টেনে নিতে পারে অন্তরঙ্গতায়। এ ভাষাতে যেমন চাই নির্মোহ স্বচ্ছতা, তেমনি আবার নিরাবেগ, নিষ্প্রাণ, নিলিপ্তিতেও এ-ভাষা অসার হলে চলবে না। মিডিয়ার ভাষাকে একান্তভাবে হতে হবে বলার ভাষা, শোনার ভাষা। তাই সম্প্রচারমাধ্যমে ভাষা ব্যবহারে

চাই বিশেষত্ব যত্ন, সতর্কতা আর উজ্জ্বল ভাষাবোধ।

■ মুদ্রিত মূল্য ৬০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

শেরপা : হিমালয়ের দ্বাররক্ষী

দেবাশিস বিশ্বাস

প্রচ্ছদ : গৌতম মাঝি

বইটিতে দেবাশিস তুলে ধরার চেষ্টা করেছে হিমালয়ের সঙ্গে শেরপা জনগোষ্ঠীর আত্মিক সম্পর্ক, তাদের জীবনযাপন, অভ্যাস, সমাজ, ধর্ম, চাষবাস, খাদ্যাভ্যাস, জীবিকা, কৃষ্টি ও সংস্কৃতি সম্বন্ধে কিছু সাধারণ বিবরণ। যে কোনো জনগোষ্ঠীর বর্তমান আর ভবিষ্যৎ তো দাঁড়িয়ে রয়েছে তাদের অতীতের উপর, অথচ বর্তমানে দেখা যায় আধুনিক প্রজন্ম তাদেরই নিজেদের ইতিহাস, সংস্কৃতি, কৃষ্টি সম্বন্ধে অজ্ঞ তো বটেই চরম উদাসীনও। শেরপাদের বর্তমান প্রজন্মের পরিস্থিতিও তার ব্যতিক্রম নয়। বইটিতে চেষ্টা করা হয়েছে এই সাহসী গোষ্ঠীর সে সব দিক লিপিবদ্ধ করতে। বইয়ের শেষের দিকে এসেছে বিখ্যাত কিছু শেরপার সম্বন্ধে অল্প কিছু কথা, আর অবধারিতভাবেই রয়েছে শেরপা চূড়ামণি তেনজিং এর জীবনী।


■ মুদ্রিত মূল্য ২২৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



দেবরাজের সিংহাসনে : দেওটিব্বা ও ইন্দ্রাসন অভিযান

দেবাশিস বিশ্বাস


প্রচ্ছদ : গৌতম মাঝি



২০২৪ এর জুন মাসে হঠাৎই একটা সুযোগ এসে গেল হিমাচল প্রদেশের মাউন্ট ইন্দ্রাসন আর মাউন্ট দেওটিব্বা অভিযানে অংশগ্রহণ করার। অভিযানটি ছিল মূলত হাওড়া ডিস্ট্রিক্ট মাউন্টেনিয়ার্স অ্যান্ড ট্রেকার্স অ্যাসোসিয়েশন ও হিমালয়ান অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে। এই অভিযানের দলনেতা মলয় মুখার্জি একদিন এসে আমায় সেই দলে যোগ দেওয়ার আমন্ত্রণ জানাল আর এই অযাচিত সুযোগ পেয়ে আমি ভিড়ে গেলাম ওদের সঙ্গে। ৯ জুন বেরিয়ে পড়েছিলাম অভিযানে। তার পরের সেই সুন্দর দিনগুলো আমার জীবনের এক পরম প্রাপ্তি। কলকাতা ছাড়ার মাত্র ১০-১২ দিনের মধ্যেই পরপর দুটো দিনে আরোহণ করে ফেলেছিলাম মানালির কাছে

পীরপাঞ্জাল রেঞ্জের দুই বিখ্যাত শৃঙ্গ দেওটিব্বা ও ইন্দ্রাসন। বহু উচ্চতায় বরফের ময়দানের মাঝে দেখা পেয়েছি বিশাল আকৃতি কোন প্রাণীর পায়ের ছাপ, শেরপাদের বিশ্বাসে যা ইয়েতির। সেইসব অভিজ্ঞতাই সবার সঙ্গে ভাগ করে নিয়েছি এই বইটিতে।

■ মুদ্রিত মূল্য ২৭৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



রূপসু এক্সপ্লোরেশন এবং অভয়া দেবাশিস বিশ্বাস
প্রতি বছরের মতো ২০২৫ এও পর্বত অভিযানের প্ল্যান করেছিলাম। তবে অন্যান্য বারের মতন এই বছর শুধুমাত্র পর্বত অভিযানই আমার একমাত্র লক্ষ্য ছিল না। মূলত তিনটে টার্গেট নিয়ে এই বছরের প্ল্যান সাজিয়েছিলাম। প্রথমত, যে জায়গায় যাব, আমাদের সায়েন্টিস্টের দল সেখানকার জল, মাটি, গাছপালা, আবহাওয়া, সেখানকার মানুষজনের দৈনন্দিন জীবনযাপন নিয়ে বৈজ্ঞানিক অনুসন্ধান চালাবেন। দ্বিতীয়ত সেই এলাকায় কিছু শৃঙ্গ আরোহণের চেষ্টা করব; এবং তৃতীয়ত তার মধ্যে কোনও এক অনামী শৃঙ্গকে আরোহণ করে তাকে ২০২৪ সালের ৯ আগস্ট কলকাতার বুকে আর জি কর

হসপিটালে যে মহিলা ডাক্তার নৃশংসভাবে ধর্ষণ এবং খুন হন, যার পরিচয় কখনও নির্ধারিত, কখনও তিলোত্তমা হয়ে আজ অভয়া, সেই ‘অভয়া’র নামে নামাঙ্কিত করব। সেই উদ্দেশ্যে লাদাখের রূপসু ভ্যালির সো-মোরিরি হ্রদের নিকটবর্তী এলাকায় আমাদের পরিকল্পনাগুলো বাস্তবায়িত করার চেষ্টা চালাই এবং চারটি শৃঙ্গ আরোহণ করে তার একটি অনামী শৃঙ্গকে অভয়ার নামকরণ করি। সেই একই সময়ে দলের বিজ্ঞানী, শিক্ষাবিদেবী বিস্তীর্ণ এলাকা জুড়ে আটটি লেক, অসংখ্য নদী-জলধারা, কিছু গ্লেসিয়ার সহ এলাকার মাটি-গাছ-পাথর-জলবায়ু এসব নিয়ে বেশ কিছু পরীক্ষা নিরীক্ষা চালিয়েছেন। সংগ্রহ করেছেন অসংখ্য স্যাম্পল। কথা বলেছেন এলাকার মানুষজনের সাথে, খোঁজ নিয়েছেন তাদের দৈনন্দিন জীবনযাপন, প্রতিনিয়ত সমস্যার। সেসব নিয়েই এবারের বই-রূপসু এক্সপ্লোরেশন এবং অভয়া ■ মুদ্রিত মূল্য ২৭৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫ প্রচ্ছদ : গৌতম মাঝি


থাকব নাকো বন্ধ ঘরে দেখব এবার জগৎটাকে

দেবাশিস বিশ্বাস প্রচ্ছদ : গৌতম মাঝি

অজানা, অচেনা জগৎটাকে দেখার নেশা আমাদের চিরকালীন। এক অনুসন্ধিৎসু মন রয়েছে আমাদের প্রত্যেকের, তাইতো দৈনন্দিন কর্মব্যস্ততার মাঝে কিছুদিনের সাময়িক বিরতি পেলেই আমরা ছুটে যাই প্রকৃতির মাঝে। অ্যাডভেঞ্চার আমাদের রক্তে। অ্যাডভেঞ্চারের নেশায় ছুটে যাই দুর্গম এলাকায়-জঙ্গলে, পাহাড়ে। তবে যেহেতু দুর্গম এলাকায় সবসময়ই কিছু বিপদের সম্ভাবনা থাকে, তাই সে ধরনের অ্যাডভেঞ্চারে পা বাড়ানোর আগে কিছু প্রাথমিক বিষয় জেনে রাখলে অ্যাডভেঞ্চারের মোকাবিলা করা কিছুটা সহজ হয়।

সেই উদ্দেশ্যেই এই বইতে বিস্তারিতভাবে লেখা হয়েছে অ্যাডভেঞ্চারে যাওয়ার প্রস্তুতি, তার জন্য প্রয়োজনীয় পড়াশোনা, পাহাড়ের নিয়মনীতি, নিজের স্বাস্থ্য ও চিকিৎসা, পাহাড়ের বিপদ এবং সমস্যা ইত্যাদি বেশ কিছু জরুরি বিষয়। অ্যাডভেঞ্চার প্রিয় বাঙালি অবশ্যই অ্যাডভেঞ্চারের নেশায় দুর্গম-এর দিকে পা বাড়ান, কিন্তু তার আগে এই প্রাথমিক বিষয়গুলো খেয়াল রাখলে অভিযান সম্পূর্ণ করে সুস্থ দেহে নিজের ডেরায় ফেরার সম্ভাবনা অবশ্যই অনেকটা বাড়বে।

■ মুদ্রিত মূল্য ৩২৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫




পরম্পরা প্রকাশন-এর বই

নতুন থিয়েটারের ইতিহাস লেখা হবে না?

শমীক বন্দ্যোপাধ্যায়

প্রচ্ছদ : গৌতম মাঝি

■ মুদ্রিত মূল্য ১৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯,
M ৯৯০৩০ ৯১২২৫



শম্পা সে ন-এর নাট্য বিষয়ক প্রবন্ধ



কলকাতাকেন্দ্রিক বাংলা থিয়েটারের এক দীর্ঘ বিবর্তনপথকে রাজনৈতিক ও আর্থ-সামাজিক ইতিহাসের দৃষ্টিকোণ থেকে চিনিয়ে দেওয়ায় প্রয়াস এই তন্নিষ্ঠ গবেষণায়। মুখ্যত ১৯৭০ থেকে ২০১০ পর্যন্ত সময়পর্বে বাংলা থিয়েটারের মূলস্রোত কীভাবে পলিটিক্স অব আইডিয়লজি-র দ্বারা চালিত হয়ে ক্রমশ বিবর্তিত হয়েছে পলিটিক্স অফ আইডেন্টিটি এবং শেষ পর্যন্ত বিশ্বায়নের কালে পলিটিক্স অফ মার্কেটের চালিকাশক্তির দ্বারা, এই বইয়ে তার নির্মোহ বিশ্লেষণ। প্রসঙ্গত, ভারতের নানা রাজ্যের প্রাদেশিক ভাষার থিয়েটার এবং আন্তর্জাতিক থিয়েটারের সঙ্গে বাংলা থিয়েটারের যোগসূত্র কোথায়, সমকালের রাজনীতির সঙ্গে থিয়েটারের রসায়নই-বা

কেমন, ফ্রেডসমীক্ষা ও তথ্যসমৃদ্ধ এই আলোচনায় তারই অবয়ব নির্মাণ।

■ মুদ্রিত মূল্য ৪৯৯ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

ডা. গৌতম বন্দ্যোপাধ্যায়-এর হাতে হাতে থাকার মতো কিছু বই



ছটফটে প্রচ্ছদ : চণ্ডী লাহিড়ী

আনমনা? ছটফটে নাকি জেদি, একগুঁয়ে? এদের নিয়ে উদ্ভাস্ত সকলেই—কী স্কুলে, কী বাড়িতে! ভাবিত বাবা মায়েরা, বিব্রত পাড়াপড়শি, স্কুলের আন্টি কিংবা স্যার। কিন্তু সমাধান কী? এই সব প্রাণবন্ত ছেলেমেয়ের দল বিরক্তি বাড়ানো ছাড়া আর কিছুই কি করে না? কী ওদের ভবিষ্যৎ আর চিকিৎসকরাই-বা কী বলছেন? স্পষ্ট কথায় এই সব জরুরি আলোচনা নিয়েই তৈরি ছটফটে।

ভাসাভাসা, আবছা আলোচনা নয়, সোজাসাপটা কথায় প্রয়োজনীয় বইটি দিতে পারে কিছু পথনির্দেশ। ■ মুদ্রিত মূল্য ২২৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫


প্রচ্ছদ : গৌতম মাঝি

মণিকোঠা

মণি আর তিতলি। এদের মধ্যে কে যে বড়ো আর কে ছোটো বোঝা দায়। আর কিছু পারুক না পারুক আড্ডা দিতে ওস্তাদ এরা। কখনও মুখোমুখি, কখনও বা টেলিফোনিক তাদের কথোপকথন। সে আড্ডার বিষয়েরও দিগবিদিক নেই কিছু। মন মেরামতির কাজ কিছুটা জানে মণি, তাই তিতলি কখনও তার শিক্ষার্থী, আবার কখনও সে মেয়েই রীতিমতো শাসন করে তার মণিকে। আসলে গল্প-উপন্যাস অথবা কবিতার বই না হয়েও দুই মলাটের মাঝে রয়েছে গেল বাবা-মেয়ের চিরকালীন সম্পর্কের এক অনন্ত মধুর ধারা।



■ মুদ্রিত মূল্য ২৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



পরীক্ষা মানেই জুজু নয়

প্রচ্ছদ : গৌতম মাঝি

পরীক্ষা!! কথাটা শুনলেই কেমন যেন হয়ে যায় মনটা। তবু প্রায় সকলেই উতরে যায়। কেউ কেউ একটু বেশি ভয় পায়। সম্মান হারানোর ভয়, ভবিষ্যতের ভয়। পরীক্ষার কথা শুনলেই কেউ-বা পালাতে চায়। পালাতে পালাতে অনেকেই পথ খুঁজে পায় না আর। এমন গুরুত্বপূর্ণ বিষয় নিয়েই এই ছোট বইটি, যা হয়তো পরীক্ষার দিনগুলোর ভয়ানক চোরাশ্রোতে কারো জীবনের আলোকসুস্ত হয়ে উঠবে।

■ মুদ্রিত মূল্য ১৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

শূন্য পেলেও চলবে

ডা. গৌতম বন্দ্যোপাধ্যায় দ্বিতীয় সংস্করণ প্রচ্ছদ : গৌতম মাঝি

জীবনের সবচাইতে গুরুত্বপূর্ণ অধ্যায় বয়ঃসন্ধি। বয়ঃসন্ধি-র সাঁকো বেয়েই শৈশব থেকে প্রাপ্তবয়স্ক ও প্রাপ্তমনস্ক হয় মানুষ। এ সময়টাকে নানাভাবে বুঝতে চাইলেও অভিভাবকরা প্রায়ই এর ধরতাই পান না। কেবলমাত্র পড়াশুনা নয়, শারীরিক, মানসিক, সামাজিক এবং নৈতিকবোধের বিস্তারিত ক্ষেত্রসমূহ নিয়ে যে সন্ধিবেলা, সেখানে অভিভাবক এবং সন্তানের পারস্পরিক বোঝাপড়াটুকু জরুরি। ভাল বাবা-মা হওয়ার কোনও স্কুল বা কলেজ হয় না, আধুনিক জেটগতির অভিভাবকত্বের নানান সিদ্ধান্ত নিয়ে অভিভাবককুল তাই সংশয়ে। বয়ঃসন্ধির অভিভাবকত্ব নিয়ে এই বইটির নানান গুরুত্বপূর্ণ দিকের আলোচনা তাঁদের সেই সংশয় কাটিয়ে তুলতে সাহায্য করবে।

■ মুদ্রিত মূল্য ২০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



প্রসঙ্গ : নেশা

ডা. গৌতম বন্দ্যোপাধ্যায় প্রচ্ছদ : চণ্ডী লাহিড়ী

ইতিহাস লেখার বহুকাল আগে থেকেই মানুষ নেশা করছে। আজকের দুনিয়ায় তা এমন অবস্থায় পৌঁছে গেছে যে সমাজের একটা বড় অংশের মানুষ তার ভুক্তভোগী। মদ, গাঁজা, হেরোইন তো ছিলই, এখন তাতে সঙ্গত করছে ক্লাব ড্রাগস থেকে ইন্টারনেট পর্যন্ত আরও অনেক কিছুই। এই সংকটের সমাধান করতে গেলে সবার আগে এ বিষয়ে সাধারণ ধারণাটা তৈরি করার প্রয়োজন। আর এই ছোট্ট বইটা সেই কাজই করছে। ■ মুদ্রিত মূল্য ২০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫


বয়সকালে মনের অসুখ


ডা. গৌতম বন্দ্যোপাধ্যায়

দ্বিতীয় সংস্করণ প্রচ্ছদ : নারায়ণ চক্রবর্তী

মানুষের আয়ুর্বৃদ্ধির সঙ্গে সঙ্গে সমস্যাও বাড়ছে। আজকের দিনে বয়স্ক মানুষের অন্তত এক-চতুর্থাংশ স্মৃতির সমস্যা, অবসাদ, উদ্বেগ এমন অনেক সমস্যায় কষ্ট পাচ্ছেন। কাছের মানুষ, পরিবার-পরিজনেও সমাধানের দিশা খুঁজে না পেয়ে এক্ষেত্রে অসহায়। গুরুত্বপূর্ণ এমন কিছু বিষয়ের আলোচনাসমৃদ্ধ 'বয়সকালে মনের অসুখ' বইটি হয়তো এই সংকটে কিছুটা পথ দেখাতে পারে।

■ মুদ্রিত মূল্য ২৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫





গল্প সমগ্র ১ সৌরভ মুখোপাধ্যায় প্রচ্ছদ : গৌতম মাঝি


২০০৪ সালে গল্পকার হিসেবে আত্মপ্রকাশ করেছিলেন সৌরভ মুখোপাধ্যায়, আর ঠিক বিশ বছর পরে প্রকাশ পেল তাঁর গল্পসমগ্রের প্রথম খণ্ড। মাঝের এই দুটি দশক জুড়ে অগ্রণী পত্রপত্রিকায় বড়দের জন্য তিনি একটানা লিখেছেন নানা স্বাদের, নানা রসের, নানা আঙ্গিকের স্মরণীয় সব গল্প। বহুবিস্তৃত তাঁর বিষয়বস্তুর বর্ণালী, আর সর্বত্রই অমোঘ তাঁর কথন- পারঙ্গমতা, ভাষা-সৌকর্য ও প্রসাদগুণের অভিজ্ঞান। মেধা আর আবেগ, শিল্প আর নির্মিতি, উড়ান আর নিয়ন্ত্রণের মণিকাঞ্চন পাঠকপ্রিয় এই আখ্যানগুলি।

■ মুদ্রিত মূল্য ৬৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

গল্প সমগ্র ২ সৌরভ মুখোপাধ্যায় প্রচ্ছদ : গৌতম মাঝি

প্রথম খণ্ডের এক বছর বাদে, প্রত্যাশামতোই, প্রকাশ পেল সৌরভ মুখোপাধ্যায়ের গল্পসমগ্রের দ্বিতীয় খণ্ড। বড়দের জন্য লেখা এই চল্লিশটি গল্প ২০১৭ থেকে ২০২২, এই পাঁচ বছরে লেখা হয়েছিল বিভিন্ন অগ্রণী ও নবীন পত্রপত্রিকায়। এই খণ্ডের গল্পগুলিতে সৌরভ মুখোপাধ্যায়ের বিষয়বৈচিত্র্য, পরীক্ষানিরীক্ষা, নির্মাণনৈপুণ্য, ভাষা- সৌকর্য ও চৌম্বক গল্পকথন ক্রমেই যেন পারদর্শিতার শীর্ষ স্পর্শ করেছে। দুটি খণ্ড পরপর পড়তে-থাকা সন্ধানী সংবেদী পাঠক স্পষ্ট অনুভব করবেন লেখকের পরিণমনের যাত্রাপথটি: কীভাবে তরুণ কারিগরের আবেগ-উচ্ছ্বাস শমিত হয়ে-হয়ে এক মাস্টার-শিল্পীর পরিপক্ব বোধ ও নিয়ন্ত্রণ জন্ম নিতে থাকে।

■ মুদ্রিত মূল্য ৬৭৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



ধুলোখেলা সৌরভ মুখোপাধ্যায় প্রচ্ছদ : দয়াময় বন্দ্যোপাধ্যায়

ধুলো থেকে উঠে এসে ফের ধুলোয় মিশে যাওয়া এইটুকু মাত্র জীবন? অনন্তের গর্ভে বিন্দুর বিন্দু এই প্রাণকণা, অমেয় কালপরিধির মধ্যে কয়েকটি মুহূর্তের শ্বাস... সত্যিই কি কোনও গভীর সার্থকতা আছে এই নশ্বর আয়োজনের? সংশয়দীর্ঘ এই অমোঘ প্রশ্নে আলোড়িত 'ধুলোখেলা' উপন্যাস। এই প্রশ্নেরই উত্তর খুঁজে বেড়ায় কৌতুহলী কিংশুক আর হতাশ তমাল, দু'জনে দু'রকমভাবে। ঈশান কোণ থেকে কুণ্ডলী পাকিয়ে উঠে


আসছে এক বারুদগন্ধী সময়। কৃষিজমি-রক্ষা-আন্দোলনের ঝোড়ো ঘূর্ণিতে জড়িয়ে যায় কিংশুক। আর, তমালকে টেনে নেয় লেখার টেবিল। চারপাশে আরও অনেক মুখের মিছিল। নৈখর্তা-উন্মেষের দোদুল্যমান সম্পর্কে অভাবিত বাঁক-বদল, সন্তরোধী তরলতার বিবর্ণ পৃথিবীতে ম্যাজিকের মতো নতুন রঙের উদ্ভাস, কিশোরী রাকা আর খেলুড়ে প্রেমিক জয়জিৎের মধ্যে অবিরত টানাপোড়েন। প্রেমে- অপ্রেমে-হর্ষে-বিষাদে সবাই ভাসছে-ডুবছে সেই অতল এবং বহুবর্ণিল তরঙ্গমালায় যার নাম জীবন। কিন্তু সেই চিরন্তন প্রশ্নটির সমাধান খুঁজে পেল কি কেউ? উত্তরবীজ বুকে নিয়ে এগিয়ে চলে এই আখ্যানধারা যা কখনও তীব্র সংঘাতে উত্তাল, আবার কখনও পরম মমতায় মেদুর। 'দেশ' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হওয়ার সময় থেকেই এই উপন্যাসের অন্তর্লীন দ্যোতনা গভীরভাবে স্পর্শ করেছে পাঠকসমাজকে। ■ মুদ্রিত মূল্য ৫৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

রজত চক্রবর্তী-র উপন্যাস

সাঁকোটা দুলছে

ভগিনী নিবেদিতা এই উপন্যাসের কেন্দ্রে থাকলেও তাঁর জীবনীমূলক উপন্যাস এটি নয়। বিবেকানন্দের নিবেদিতা ধীরে ধীরে সংঘাত, সংঘর্ষ, বিতর্ক ও প্রেমের মধ্য দিয়ে যে স্ব-অধীন এক দর্শন পথে চলেছিলেন ভারতবর্ষের মুক্তির আলো খুঁজতে। সেই যাত্রাপথে বিবেকানন্দ আকাশ জুড়ে থাকলেও অনেকটাই আছেন জগদীশচন্দ্র বসু, রবীন্দ্রনাথ, রমেশচন্দ্র দত্ত, পিটার ত্রুপটকিন, ওকাকুরা প্রমুখ এক ঝাঁক নক্ষত্র। ধর্মীয় জাতিয়তাবাদ থেকে রাজনৈতিক জাতিয়তাবাদের দিকে নিবেদিতার যাত্রা-দর্শন ছিল দ্বন্দ্বদীর্ঘ এক পথ।

একটা উজ্জ্বল সময়, একটা স্বাধীন ক্ষতবিক্ষত সংঘাতপূর্ণ দর্শন-যাত্রা, শ্রদ্ধাশীল বিরোধভাষের মধ্যে গড়ে ওঠা সৃজনশীলতা, জাতিসত্তার উন্মেষ-উপন্যাসের মূল উপজীব্য বিষয়। ■ মুদ্রিত মূল্য ৪৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



নবজাগরণের সূচনাপুরুষ : রামমোহন রায়


শক্তিসাধন মুখোপাধ্যায়



রামমোহন রায়কে নিয়ে স্ততিমূলক কোনো টানা বই নয় এটি, ছিদ্রাশ্বেষণ সর্বস্ব নস্যাৎ করার বইও নয়, উনিশ শতকের প্রথমার্ধে সর্বার্থে সংঘাত ও সংশয়পূর্ণ প্রহরে তাঁর মূল ভূমিকাটি কী ছিল তা আলাদা আলাদা করে বুঝে নেওয়ার বই। মননহীন, বোধহীন বিকারগ্রস্ত অবস্থার মধ্যে দেশ ও দেশবাসী অধঃপতিত তখন। ধর্মাচরণের দিক থেকেই হোক, সামাজিক আচার-অনুষ্ঠানের ক্ষেত্রেই হোক—কী ঠিক আর কী ঠিক নয় সেই বিচারবোধই বিলুপ্ত। নিবিড় ও সুপরিব্যাপ্ত অধ্যয়ন এবং তীক্ষ্ণ পর্যবেক্ষণ-প্রসূত অভিজ্ঞতা দিয়ে নির্মিত যথার্থ বিচারবোধ প্রয়োগ করে কীভাবে তিনি প্রাচীন ভারতীয় অধ্যাত্মবিদ্যার শুদ্ধরূপটি উদ্ধার করেন, কীভাবেই-বা ধর্মের অনলে নিষ্কিপ্ত নারীকে সুরক্ষা দান করেন সেই সামাজিক প্রসঙ্গগুলি সবিস্তারে আলোচনা করা হয়েছে।

প্রচ্ছদ : সুমন কবিরাজ


■ মুদ্রিত মূল্য ৫০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



পনেরোটি প্রেমের গল্প সৌরভ হাওলাদার
ছোট্ট একটা শব্দ, প্রেম, তাড়িয়ে নিয়ে বেড়ায় মানুষকে, সভ্যতার জন্মলগ্ন থেকে আজ পর্যন্ত, এমনকী ভবিষ্যতেও। স্থান কাল বয়স লিঙ্গ নির্বিশেষে, মনের মাটিতে তার রোপণ হয় অজান্তে। এমনই পনেরোটি ভিন্ন স্বাদের প্রেম। কখনও রহস্য, কখনও আনন্দ, কখনও দুঃখ, কখনও ঈর্ষা। রেডিও-র যুগ থেকে আধুনিক সমাজমাধ্যম, কম্পিউটার জটিলতা থেকে গ্রামবাংলার সারল্য, নারী-পুরুষ থেকে সমলিঙ্গ সম্পর্ক, উঠে আসে গল্পের পাতায়।
প্রচ্ছদ : গৌতম মাঝি
■ মুদ্রিত মূল্য ২৭৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

রোবট সৌরভ হাওলাদার

গল্পরা দাঁড়িয়ে থাকে। সে কেবল লেখকের মনোভূমে নয়, সমাজের প্রতিদিনের আটপৌরে চলনে তাকে দেখতে পাই, অনায়াস। সব চরিত্রকে সাধারণের আবরণ থেকে তুলে নিয়ে, সামনে দাঁড় করিয়ে দেয়। প্রৌঢ়ত্ব পৌঁছানো সমরেন্দ্র ও তার কৃতী সন্তান অনুপম। পরম্পরের প্রতি যান্ত্রিক হাত বাড়িয়ে রাখে। তথ্য-প্রযুক্তি আর কৃত্রিম মেধা, মনুষ্যত্বকে নতুন সংজ্ঞা দেয়। অতি বিশ্বাস্যে মেনে নিতে হয়, সমঝোতার চলন। বিশ্বমঙ্গল, ডাকনাম শকুন, যে কিনা গেরস্তের পতন কামনা করে। একটি বিকলাঙ্গ মানুষ, সে পক্ষীর মতোই উড়ে বেড়ায়। ছেঁড়া কাঁথায় শুয়ে বাঁশির সুরে লক্ষ টাকার অধরা স্বপ্ন। চকিতে ধরা দেয় প্রেম, সে কি সত্য? পৃথিবীর বুকে বাসা বাঁধে মানুষ, তার প্রতিবেশী পশু পাখি পতঙ্গকে ভুলে যেতে চায়। ‘ঠাঁই’ আমাদের মনে করিয়ে দেয়। হঠাৎই ভারতবর্ষের স্বরূপ উপলব্ধি করেন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন এক উল্লাসিক ‘সেলিব্রিটি’। বাসের ভেতর ফোন হারিয়ে, উন্মুক্ত হয়ে যায় পারিবারিক আত্ম। রেলযাত্রার সংযোগে ভালোবাসা এসে ধরা দেয় দুই বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীর মধ্যে। এমনসব মনকাড়া চরিত্রের সন্নিবেশে সৃষ্টি এককুড়ি গল্পের সমাহার। প্রতিটি গল্প আলাদা স্বাদে পাঠকের সঙ্গে অন্তরঙ্গ আলাপ করে।



প্রচ্ছদ : সৌরভ হাওলাদার

■ মুদ্রিত মূল্য ৩৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

আশিস কুমার বসু

ভারতের স্বাধীনতা আন্দোলন ও হুগলী জাতীয় বিদ্যামন্দির

■ মুদ্রিত মূল্য ২০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

* * * * *



রবিচন্দ্র প্রবন্ধমালা নানা রবীন্দ্রনাথ

সম্পাদনা : তন্ময় বন্দ্যোপাধ্যায়

হিমালয়ের পর্বতগাত্রে যখন নানা দিক থেকে আলো এসে পড়ে, তখন সব মিলিয়ে তার যে রূপ, অনন্ত কাল ধরে তা আমাদের মোহিত করে চলেছে। সে রূপ বারবার দেখেও পুরোনো হয় না। একই ভাবে বঙ্গ সংস্কৃতির পুরোধাপুরুষ রবীন্দ্রনাথের সাহিত্য ও শিল্পকৃতি, অপরূপ সঙ্গীতভান্ডার, জীবনদর্শন ও স্বদেশভাবনা নিয়ে একাধিক গবেষণামূলক জীবনীগ্রন্থ, অযুত নিযুত বিশ্লেষণ, ব্যাখ্যা, আলোচনার পরেও কবিজীবনের আলোচক ও লেখকদের কাছে নানান দৃষ্টিকোণ থেকে বিষয়গুলিকে দেখার ও তা নিয়ে লেখার প্রণোদনা

আজও বহুমান। অনুসন্ধিৎসু পাঠকের কাছে সেগুলি পাঠের আগ্রহও কম নয়। এই দুটিই বর্তমান সংকলন গ্রন্থ প্রকাশের প্রেরণা। পাঁচটি বিষয়ভিত্তিক বিভাগে বিন্যস্ত এই গ্রন্থ এক মহাজীবনের নানান তথ্য ও ঘটনার বর্ণনা ও বিশ্লেষণে বর্ণময়। প্রচ্ছদ : গৌতম মাঝি

■ মুদ্রিত মূল্য ৫০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫




একটি মৃত্যু ও পুনর্জন্ম প্রতিভা সরকার

মহেঞ্জোদারো ও সিন্ধুপ্রদেশের অনেকগুলি চালকোলিথিক সাইটের খননকার্যের সঙ্গে যুক্ত শ্রদ্ধেয় রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের সহকর্মী এনজিএম নামে খ্যাত ননীগোপাল মজুমদার ছিলেন অবিভক্ত ভারতের প্রথম সারির একজন প্রত্নতাত্ত্বিক। তাঁর স্বল্প জীবনে খ্যাতির শিখরে উঠেছিলেন এনজিএম। কিন্তু এক রহস্যাবৃত নিষ্ঠুর মৃত্যু তাঁর সব কীর্তিকে নিশ্চিহ্ন করে দেয়। সত্যিই কি নিশ্চিহ্ন করে দেয়? না বোধহয়, কারণ এখনও পাকিস্তানের সিন্ধু প্রদেশে তার নাম শ্রদ্ধার সঙ্গে উচ্চারিত হয়। তাঁর নামে স্মৃতিফলক বসানো হয়, তাঁকে নিয়ে চর্চা চলে। হ্যাঁ, এখনও! বিস্তৃত গবেষণার পর অত্যন্ত চিত্তাকর্ষক ভাবে লিখিত উপন্যাসটিতে ভারতীয় উপমহাদেশ এবং বর্তমান পাকিস্তানের পটভূমি, দুইদেশের মানুষ, প্রকৃতি এবং পুরাকীর্তি চিত্রিত হয়েছে অননুক্রমণীয় ভঙ্গিতে। প্রচ্ছদ : দয়াময় বন্দ্যোপাধ্যায়

■ মুদ্রিত মূল্য ২৭৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

রীনা দাস সরকার মহাভারতের বিদ্রোহিণী

■ মুদ্রিত মূল্য ২২৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



সূর্যাস্ত হাট সুমন মহান্তি

মায়ের মৃত্যু ও প্রেমিকা নবমিতার অকালমৃত্যু শাস্ত্রের জীবনের গতিপথ বদলে দেয়। কর্পোরেট জব ছেড়ে নিজের জন্ম শহরে ফিরে আসে সে। স্বাধীন ও নিজস্ব জীবনই তার কাঙ্ক্ষিত হয়ে ওঠে। অনুজ অনীশের সঙ্গেই তার আন্তরিক বন্ধুত্ব। কোনো এক বৃষ্টিস্নাত পড়ন্ত বিকেলে তোসার সঙ্গে প্রথম আলাপ হয় শাস্ত্রের। শাস্ত্রের জীবন জড়িয়ে যায় তোসা এবং তার পরিবারের সঙ্গে। জয়িতার সঙ্গেও নিবিড় আলাপ ঘটে তার। সংসার না করার শর্তে বাঁচা শাস্ত্রের জীবনে প্রেম আসে তার রহস্যময় আলোছায়া নিয়ে। কী করবে শাস্ত্র? বিভিন্ন সম্পর্কের বৃত্ত তৈরি হয়। কখনো সেই বৃত্তের কেন্দ্রে থাকে


অনীশ-মণীশ, কখনো বিভাস-জয়িতা। কংসাবতী নদীর তীরে সূর্যাস্ত হাটে চরিত্রেরা স্বপ্নের জাল বোনে। সম্পর্কের মোহনমায়া শেষমেশ পৌঁছে যায় কোথায়?

প্রচ্ছদ : দয়াময় বন্দ্যোপাধ্যায় ■ মুদ্রিত মূল্য ৩৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

আগুনসখা যারা সুমন মহান্তি

ব্রিটিশ শাসকদের বিরুদ্ধে সশস্ত্র স্বাধীনতা সংগ্রাম কয়েক বছর স্তিমিত হয়ে গেলেও আবার নতুন উদ্দীপনায় গুরু হয়; ১৯২৭ সাল থেকে সশস্ত্র সংগ্রাম ক্রমশ তীব্র আকার ধারণ করে। বাংলার অস্থিমজ্জায় ছড়িয়ে পড়ে বিপ্লবের আগুন। অগ্নিযুগের সেই গুরুত্বপূর্ণ অধ্যায়ই এ উপন্যাসের আশ্রয়। মেদিনীপুর, কলকাতা, ঢাকা, চট্টগ্রাম তখন অগ্নিগর্ভ। ব্রিটিশ শাসক তীব্র দমনপীড়ন চালিয়েও দিশেহারা হচ্ছে। কাঙ্ক্ষিত স্বাধীনতার লক্ষ্যে জ্বলে উঠে নিজেদের প্রাণকেও তুচ্ছ করছেন একদল অগ্নিষ্ফরা তরুণ-তরুণী। প্রায় সাত বছর ধরে চলা সশস্ত্র সংগ্রামের বিস্তৃত ক্যানভাসে রচিত এই উপন্যাস তাই অগ্নিযুগের এক প্রামাণ্য দলিল। নিছক তথ্য বা ঘটনার প্রবাহ সাজিয়ে অভিনব কোনো সন্দর্ভ রচনা করা এ উপন্যাসের উদ্দেশ্য নয়। ‘আগুনসখা যারা’ বস্তুত এক ভাস্বর যাত্রাপথের সজীব আখ্যান।



প্রচ্ছদ : গৌতম মাঝি ■ মুদ্রিত মূল্য ২৭৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



গল্প সংগ্রহ দিবাকর ভট্টাচার্য প্রচ্ছদ : রঞ্জন ভট্টাচার্য

মৃত্যুর পর তাঁর সমস্ত লেখাপত্র ভস্মীভূত করার নির্দেশ দিয়ে গিয়েছিলেন তিনি। দীর্ঘ চার দশক ধরে একান্তে চলেছিলেন এক গহনপথে। সেখানে কী খুঁজেছিলেন আর কী পেয়েছিলেন তা রয়ে গিয়েছিল তাঁর লেখা অসংখ্য শব্দে। অন্ধকারে নিষ্কিপ্ত ছিল সেইসব বিবর্ণ অক্ষরআশ্রিত কিছু কাগজের পাতা। অর্থাৎ দিবাকর ভট্টাচার্যের ‘লেখাপত্তর’। সেখান থেকে উদ্ধার করা হয়েছে তেরোটি ছোটোগল্প। অবদানশতক থেকে নকশাল আন্দোলন, ময়মনসিংহ গীতিকা থেকে ড্যুরেনমাট-এর গল্প-এমন অজস্র বর্ণিল আধারে রাখা এই কাহিনিগুলি। তাঁর পূর্বে প্রকাশিত গল্পগ্রন্থ ‘চরাচরসারে’র সমস্ত গল্পের সঙ্গে একত্রিত করা হয়েছে এই তেরোটি গল্পকে। গল্পগুলির বিন্যাস কালানুক্রমিক নয়। এটি একটি ভিন্নমাত্রিক গ্রন্থনা। ‘কোনো এক বোধ’-এর অনুসরণ। প্রখ্যাত মনস্বী প্রাবন্ধিক চিন্ময় গুহর ভাষায়—‘কখনও আত্ননাদ, কখনও মন্ত্র, কখনও রক্তমাংসের গভীর থেকে জেগে ওঠা ঘূর্ণি’। এইভাবে চব্বিশটি গল্প উপস্থিত হয়েছে এই গ্রন্থে।

■ মুদ্রিত মূল্য ৪০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫




চার আখ্যায়িকা দিবাকর ভট্টাচার্য প্রচ্ছদ : গৌতম মাঝি

এই সংকলনটিকে বলা যায় ‘গ্রন্থকারের সন্মানে চারটি চরিত্র’। এখানে চরিত্রগুলি হল একটি কাহিনি, একটি কবিতা, একটি শব্দ ও একটি অক্ষর। এরা সন্মান করছে চার জন ভিন্ন ভিন্ন গ্রন্থকারকে। যাঁরা হলেন: গুণাঢ্য—বৃহৎকথার গ্রন্থকার, বিল—চৌরপঞ্চাশিকার কবি, ভর্তৃহরি—শব্দতত্ত্বের দার্শনিক এবং বাণভট্ট-হর্ষচরিত কাব্যরচয়িতা। এইভাবে একটি কাহিনি গুণাঢ্যকে, একটি কবিতা বিলকে, একটি শব্দ ভর্তৃহরিকে এবং একটি অক্ষর বাণভট্টকে তাদের যাপিতজীবনের পরিসরে এসে সন্মান করে। আর সেই সন্মান ব্যক্ত হয় তাদের প্রত্যেকের নিজস্ব আত্মকথনে। এরাই এক-একটি আখ্যায়িকা। এইরকম চারটি আখ্যায়িকা নিয়ে গ্রন্থিত হলো এই সামান্য সংকলনটি।

■ মুদ্রিত মূল্য ১৭৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

কাহিনি চতুষ্কোণী দিবাকর ভট্টাচার্য প্রচ্ছদ : গৌতম মাঝি

এই গ্রন্থে সংকলিত হয়েছে দিবাকর ভট্টাচার্যের চারটি গল্প। এই চারটি গল্পের একটিই উৎস—‘মহাবস্তু অবদান’-এর অন্তর্গত ‘শ্যামাজাতক’। এই শ্যামাজাতকের কাহিনি আমাদের কাছে সুপরিচিত নয় কিন্তু এই কাহিনি অবলম্বনে রবীন্দ্রনাথের ‘শ্যামা’ গীতিনাট্য আমাদের কাছে অবিস্মরণীয়। এই ‘শ্যামা’কে আমরা জানি শাস্ত্রত প্রেম ও বিরহের কাহিনি হিসেবে। কিন্তু মূল শ্যামাজাতকের কাহিনি প্রেমের চেয়ে অনেক বেশি প্রতারণার। মূল কাহিনিটি অমধুর। চরিত্রগুলি অপেলব। এই মূল কাহিটিকে ভিত্তি করে চারটি ভিন্ন ভিন্ন দৃষ্টিকোণ থেকে লেখা হয়েছে এই চারটি গল্প। ■ মুদ্রিত মূল্য ২০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



সুকুমার রায়ের আশ্চর্য জগৎ
কৃষ্ণরূপ চক্রবর্তী



সুকুমার রায়ের আশ্চর্য জগৎ কৃষ্ণরূপ চক্রবর্তী

‘সুকুমার রায়ের আশ্চর্য জগৎ’ এক অদ্ভুত প্রবন্ধের বই। সুকুমার রায়ের লেখার অন্তরালে যে কত গভীর জীবনবোধ ও দার্শনিকতা লুকিয়ে রয়েছে, তাকে খুঁটে খুঁজে বার করে এনে পাঠকের সামনে তুলে ধরা হয়েছে এখানে। কিন্তু গুরুগম্ভীর তত্ত্বকথার মোড়কে নয়, বরং স্বাদু গদ্যে আশ্বাদনের মনোহরী ভঙ্গিতে। ‘আবোল তাবোল’ বা ‘হযবরল’ বা ‘চলচিত্তচঞ্চরি’র মতো চিরকালীন বই কি শুধু শিশু-মনোরঞ্জননের জন্য রচিত হতে পারে? দ্রৌপদীর শাড়ির মতো তাদের ভাঁজেভাঁজে, পরতে পরতে নানান রহস্যের হাতছানি। এই বইয়ে সেই আপাত-সরল শিশুসাহিত্যের অন্তর্নিহিত অর্থকে এত সহজে ও সুন্দর করে আবিষ্কার করেছেন লেখক যে দুর্দান্ত পাণ্ডিত্যপূর্ণ দুঃসাধ্য কোনও সিদ্ধান্তকে জানানো হচ্ছে তা মনেই হয় না। বরং ডুব দিয়ে সুকুমার-সাহিত্যের আরও অন্দরমহলে পৌঁছাতে চাইলে এই বই আপনার প্রধান সম্বল হয়ে উঠবে। প্রচ্ছদ : সুমন কবিরাজ


■ মুদ্রিত মূল্য ৪০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

সাহিত্য-বিচার : বঙ্কিম রবীন্দ্র ও পরবর্তী

কৃষ্ণরূপ চক্রবর্তী প্রচ্ছদ : গৌতম মাঝি

‘সাহিত্য-বিচার; বঙ্কিম রবীন্দ্র ও পরবর্তী’ কৃষ্ণরূপ চক্রবর্তীর প্রকাশিত শেষ বই। এই বইয়ে লেখক বঙ্কিমের উপর একটি ও রবীন্দ্রনাথের উপর চারটি প্রবন্ধ লিখেছেন। এ-ছাড়া মোহিতলাল ও যতীন্দ্রনাথের মতো কবি এবং বনফুল, শরদিন্দু, আশাপূর্ণা, নরেন্দ্রনাথ, সুবোধ ঘোষ প্রমুখ কথাসাহিত্যিকের সৃষ্টির উপর এই সমালোচকের সন্ধানী দৃষ্টির আলোকপাত ঘটেছে এই বইয়ে। কৃষ্ণরূপের সমালোচনা যে কখনোই ধরাবাঁধা ছকে এগোয় না, বরং প্রতি-মুহূর্তেই সৃষ্টিশীল নূতনতার সন্ধান দেয়, তা এই বইয়ের পনেরোটি প্রবন্ধেই উদ্ভাসিত হবে পাঠকের মনে।

■ মুদ্রিত মূল্য ৩২৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫





পার লাগেরকুইস্ট বারাবাস

অনুবাদ : নীরেন্দ্রনাথ চক্রবর্তী প্রচ্ছদ : রাজীব চক্রবর্তী

আধুনিক সুইডিশ সাহিত্যের অন্যতম প্রধান কবি পার লাগেরকুইস্ট ১৯৫০ সালে ‘বারাবাস’ রচনা করেন। এ উপন্যাসে দেখানো হয়েছে একজন অপ্রেমী মানুষ কেমন করে বিশ্বাস সুস্থিত হল। দ্বিতীয় বিশ্বযুদ্ধে বিশ্বস্ত মানবিকতার পটভূমিতে বারাবাসের এই অন্বেষণ তাকে তীর আত্মিক অনুভূতিতে স্বাতন্ত্র্য দিয়েছে। শিল্পকর্মের দিক থেকে ‘বারাবাস’-এ এক চূড়ান্ত উৎকর্ষের সন্ধান পাওয়া যায়। এ-বই সংকেতে সমৃদ্ধ, নিষ্ঠায় বলিষ্ঠ, আঙ্গিকে নিরাভরণ। ১৯৫১ সালে ‘বারাবাস’-এর জন্য পার লাগেরকুইস্ট

নোবেল পুরস্কার পান। ১৯৫৩ সালে তিনি উপন্যাসটির নাট্যরূপও দেন। এই অসামান্য উপন্যাস কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তীর অননুক্রমণীয় গদ্যশৈলীর যাদুতে আরও মনোগ্রাহী হয়ে উঠেছে। এই গ্রন্থটি যে অনুবাদ, পাঠের সময় পাঠক সেকথা ভুলেই যাবেন। দীর্ঘদিন অমুদ্রিত থাকার পর ‘বারাবাস’-এর পরিমার্জিত সংস্করণ প্রকাশ করতে পেরে ‘পরম্পরা’ গর্বিত।

■ মুদ্রিত মূল্য ২৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



নদী ও সংলগ্ন জনপদের কথা পশ্চিমবঙ্গ

সংকলন ও সম্পাদনা : উৎপল বাণী প্রচ্ছদ : সুব্রত মাজী

‘নদী’ এই ছোট্ট শব্দটি পৃথিবীর ইতিহাসে অত্যন্ত তাৎপর্যপূর্ণ-যুগে যুগে তার তীরেই গড়ে উঠেছে সুমহান কত সভ্যতা! সুজলা-সুফলা-শস্য-শ্যামলা বাংলাও তার ব্যতিক্রম নয়। তিস্তা-তোসা-গঙ্গা-সুবর্ণরেখা সহ বিভিন্ন নদীর তীরেই গড়ে উঠেছে বিভিন্ন সমৃদ্ধ জনপদ। অথচ অপরিণামদর্শী নানা উন্নয়ন পরিকল্পনা, মানুষের ক্ষুদ্র স্বার্থ ও সীমাহীন লোভের ফলেই পরিবেশ দূষণে সারা পৃথিবীর মতোই আমাদের প্রিয় নদীগুলি আজ মরণাপন্ন এবং পৃথিবীর মানচিত্র থেকে হারিয়ে যেতে

বসেছে। পশ্চিমবঙ্গের নদীগুলির বর্তমান অবস্থার কথা তুলে ধরে জনসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যেই এই বই—‘নদী ও সংলগ্ন জনপদের কথা (পশ্চিমবঙ্গ)’। নদী বাঁচুক, পৃথিবী মধুময় হয়ে উঠুক।

■ মুদ্রিত মূল্য ৬৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



নিভৃত কবিতাযাপন পল্লববরন পাল প্রচ্ছদ : প্রশান্ত সরকার
কবিতায় জাগেন, কবিতায় রাগেন, কবিতায় চুমু খান, কবিতায় ঘুমোন-এমন কবির যাপনঅভ্যে কবিতা তো আর অনৈতিক অনুপ্রবেশকারী নয়-যে কবিতাদেশের সার্বভৌমত্বের স্বার্থে সনাক্তকরণ প্রয়োজন। কবিতাযাপন শুরু অন্যরকম এক ভাষা ভাবনায়-অমানুষের ভাষা। প্রিয় কবি সুভাষ মুখোপাধ্যায়ের জন্মশতবর্ষে কাব্যগ্রন্থ ধরে ধরে যাপন অভিজ্ঞতার প্রবন্ধগুলি অনুষ্ঠাপ, পরম্পরা, স্বত্বাক, আরেকরকম প্রমুখ পত্রিকায় পাঠক সমাদর পেতে স্পর্ধা বাড়লো। মুখ্যজ্যের সঙ্গে আলাপ করতে করতে

মাথায় এলো-কবিতায় প্রবন্ধ লেখা হোক। ব্যাস, আর যায় কোথায়? যত দূরেই যাই ও নাজিম হিকমতের উদযাপন সম্পূর্ণ হলো কবিতার ঘরে। এমনিভাবেই একে একে বীরেন্দ্র চট্টোপাধ্যায়, শঙ্খ ঘোষ, অলোকরঞ্জন, মঞ্জুষ ও বনলতা সেনের সাথে নিভৃত সাক্ষাৎকাহিনী সেরে কবিতার বাচিকউচ্চারণ-চর্চায় নিজস্ব ভাবনা-একেবারে অন্যরকম আটপৌরে আলাপভাষায় কবি পল্লববরন পালের এই তেরোটি আড্ডা-প্রবন্ধের সংকলন—‘নিভৃত কবিতাযাপন’ ■ মুদ্রিত মূল্য ৩৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫


নতুন গবেষণার আলোকে : সেন রাজবংশের

ইতিহাস অধ্যাপক হিমাংশু কুমার সরকার

বঙ্গদেশ নামে ভূখণ্ড এবং বাঙালি নামে জাতিসত্তার গোড়াপত্তন হয়েছিল প্রাচীন কালে এবং আদি মধ্যযুগে। এ কথার অর্থ বর্তমানে রয়েছে বাঙালি নামে যে জাতি-বৃক্ষ, মূল বীজ থেকে তার অঙ্কুরোদ্গম ঘটেছিল প্রাচীন ও আদি মধ্যযুগে, তার শাখা-প্রশাখার বিস্তার ঘটেছিল মধ্যযুগে, আর আধুনিক যুগে এসে তা হয়েছে ফুলে ও ফলে সুশোভিত। এই বাঙালি জাতির গোড়াপত্তন তথা শিকড়ের সন্ধান দেবে প্রাচীন ও আদি মধ্যযুগের ইতিহাস। দুর্ভাগ্যক্রমে তথ্যসূত্রের স্বল্পতাহেতু এবং প্রাপ্ত তথ্যের যথাযথ বিশ্লেষণের অভাবে অদ্যাবধি সেই ইতিহাস পায়নি সঠিক রূপ। তাই বাঙালি জাতির শিকড়ের সন্ধান নিয়ে গেছে অনুন্ধ্যাতিত। শহরের কোলাহল থেকে দূরে গ্রামীণ পরিবেশে বাস করে কালজয়ী অধ্যাপনায় আজীবন যুক্ত থেকে এবং অবসর গ্রহণের পরেও প্রায় তিন দশক ব্যাপী বর্তমান লেখক মগ্ন রয়েছেন বঙ্গদেশের ইতিহাসচর্চায়। গতানুগতিক চিন্তাধারার উর্ধ্বে উঠে নতুন দৃষ্টিভঙ্গিতে তিনি প্রাচীন বঙ্গদেশের ইতিহাসকে প্রবাহিত করেছেন নতুন খাতে। উন্মোচিত হয়েছে বাঙালি জাতির প্রকৃত শিকড়ের সন্ধান। বর্তমান গ্রন্থে প্রতিফলিত হয়েছে তাঁর নতুন চিন্তাধারার কিছু দিকচিহ্ন।

প্রচ্ছদ : গৌতম মাঝি

■ মুদ্রিত মূল্য ৪০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫




কথা প্রসঙ্গে পবিত্র সরকার প্রচ্ছদ : দয়াময় বন্দ্যোপাধ্যায়

পবিত্র সরকারের নানামুখী পরিচয় আছে। কিন্তু ইদানীং মুক্ত গদ্যের লেখক হিসেবে তাঁর পরিচয়টা নিয়ে তিনি একটু বেশি সংবেদনশীল। সম্পাদকদের আমন্ত্রণে একটা কোনও বিষয় নিয়ে তিনি ভাবনা ও কল্পনার এক ধরনের উড়ান শুরু করেন, তার পর কোথায় কোথায় কড়া নাড়বেন, কোথায় পৌঁছোবেন তার কিছুই ঠিক থাকে না। মজার কথা হল, এক ধরনের চমৎকার সরসতা আর খেলার স্পর্শ থাকে বলে, পাঠকেরও লেখাগুলি ভালো লাগে, কারণ তিনিও লেখকের ভ্রমণসঙ্গী হন। কথাপ্রসঙ্গে বইটি এই

ধরনের একাধিক ‘রচনা’র সংগ্রহ। প্রবন্ধ নয়, ‘রচনা’র স্বাদ এগুলিতে পুরোমাত্রায় আছে, তা পাঠক যে কোনও লেখার যে-কোনও জায়গা থেকে কয়েকটি ছত্র পড়লেই বুঝতে পারবেন।

■ মুদ্রিত মূল্য ৪০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



ধানমন্ডি : পোড়াবাড়ির সংলাপ এফ এম শাহীন


প্রচ্ছদ : চারু পিন্টু

ইতিহাস তো শুধু ধুলো পড়া পুঁথির জীর্ণ পাতা নয়, সে যে বেঁচে থাকে মানুষের স্মৃতিতে, কালের সাক্ষী পোড়া ইটে আর ক্ষতবিক্ষত দেওয়ালে, সে স্পন্দিত হয় রক্তমাখা প্রতিটি সোনালি ও বেদনাবিধুর সময়ে। বর্বরতার আগুনে পুড়িয়ে দেওয়া যায় বহুতল অট্টালিকা, কিন্তু একটি জাতির অবিদ্যমান চেতনা আর তার আত্মাকে, কোনোদিন মুছে ফেলার সাধ্য কি কারোর আছে?

২০২৪ সালের ৫ আগস্ট-পরবর্তী অস্থির সময়ে তরুণ গবেষক অনিবার্ণ প্রবেশ করে ধানমন্ডি ৩২-এর পোড়া ধ্বংসস্থলে। তার

কাছে এটি শুধু একটি বাড়ি নয়; একটি জাতির জন্ম, স্বপ্ন, সংগ্রাম ও স্মৃতির প্রতীক। হঠাৎ এক অদৃশ্য কণ্ঠ তাকে প্রশ্ন করে ‘তুমি কি ইতিহাস জানতে এসেছ, নাকি বিচার করতে এসেছ?’ সেই প্রশ্ন থেকেই শুরু হয় অনিবার্ণের অলৌকিক অভিযাত্রা। সে কথা বলে ভগ্ন দেয়ালের সঙ্গে, পোড়া বইয়ের সঙ্গে, ইতিহাসের স্মৃতির সঙ্গে। তার সামনে জীবন্ত হয়ে ওঠেন রবীন্দ্রনাথ, নজরুল, মার্টিন লুথার কিং জুনিয়র, নেতাজি, ফিদেল কাস্ত্রো, ইয়াসের আরাফত, বার্ট্রান্ড রাসেল, জয়নুল আবেদিন এবং বঙ্গবন্ধুর সংগ্রামের প্রতিধ্বনি। সে প্রত্যক্ষ করে ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, স্বপ্ন, বিশ্বাসঘাতকতা, প্রেম, মৃত্যু ও ক্ষমতার নির্মম বাস্তবতা। ‘ধানমন্ডি ৩২ পোড়াবাড়ির সংলাপ’ কোনো রাজনৈতিক প্রচারপত্র নয়; এটি ইতিহাস, স্মৃতি ও আত্মপরিচয়ের এক গভীর সাহিত্যিক অনুসন্ধান। কারণ মানুষ ও ক্ষমতা ক্ষণস্থায়ী, কিন্তু ইতিহাসের স্মৃতি একদিন ফিরে এসে প্রশ্ন করে ‘তোমরা আমাদের কাছ থেকে কী শিখলে?’

■ মুদ্রিত মূল্য ৩৭৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫





এ কথা সে কথা মৃদুল দাশগুপ্ত প্রচ্ছদ : দয়াময় বন্দ্যোপাধ্যায়

এই বইয়ের লেখক মনে করেন এই যে প্রবাহমান আধুনিককালের বাংলা কবিতা, তা চারটি স্তরের ওপর দাঁড়িয়ে আছে। স্তম্ভগুলি—রায়গুণাকর ভারতচন্দ্র, মাইকেল মধুসূদন দত্ত, রবীন্দ্রনাথ ঠাকুর, জীবনানন্দ দাশ। অর্থাৎ তিনি মনে করেন, ভারতচন্দ্রের কবিতাতেই বাংলাকবিতার আধুনিক যুগের সূচনা, মাইকেল দিয়েছেন বাংলা কবিতায় ইউরোপের স্পর্শ। ২০১২-য় ছিল ভারতচন্দ্রের ত্রিশতবর্ষ। এই বই ‘এ কথা সে কথা’-র প্রথম লেখাটি ভারতচন্দ্রকে শ্রদ্ধাঞ্জলি দিতে। ভারতচন্দ্র থেকে আবিদ

আজাদ, বেশ কয়েকজন সেকাল একালের কবিকে নিয়ে গদ্যের এই বইখানিতে রয়েছে কবিতা বিষয়ে বেশকিছু লেখা, আত্মকথন, স্মৃতিচারণাও। প্রকৃতার্থেই এই বই এ কথা সে কথায় ভরপুর। গদ্যের বই হলেও এই বইয়ের স্নায়ুসকলে, রক্তনালিকাগুলিতে বইছে কবিতা, কবিতাই দপদপ করছে এই গ্রন্থের হৃদপিণ্ডে। পাঠকপাঠিকাসকল, এই বইয়ের লেখক চাইছেন আপনাদের মুখোমুখি বসে এ কথা সে কথা বকবক করতে। ■ মুদ্রিত মূল্য ২৭৫ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

ফুল ফল মফস্সল ১ ● ফুল ফল মফস্সল ২ মৃদুল দাশগুপ্ত প্রচ্ছদ : দেবাশিস সাহা

কিশোর বয়স থেকেই কবিতার ঘোরে। সেই অর্ধশতাব্দী আগের সময় থেকে চলতি সময়ের বাংলা কবিতায় তাঁর অবস্থান পাঠকবর্গের কাছ সুচিহ্নিত। গভীর নিবিড় বুননে তাঁর কবিতা সৌন্দর্যময়। আলোচকরা তাঁর কবিতায় নৃত্যরত ছন্দের পাশে কারুকার্যের মত দেখেছেন উপমা, সূক্ষ্ম চিত্রকল্প। তিনি মৃদুল দাশগুপ্ত। সাক্ষাৎকারগুলিতে জানিয়েছেন, সদ্য তরুণ বয়সে যখন





এলেন সাংবাদিকতায় তখন ভয় ধরেছিল, অবিরত গদ্য লেখায় যদি তাঁর কবিতা রচনা ব্যাহত হয়। সে সময়ই, শেষ সত্তর দশকে, আশির দশকের সূচনায় বিষুং দের কবিতা পংক্তি ‘সংবাদ মূলত কাব্য’ সে ভীতি কাটিয়ে দিল। মৃদুলের গদ্য অতি প্রশংসিত, এমন কি তাঁর সাংবাদিকতার গদ্যেও স্থানে স্থানে হালকা মাধুর্যের পরশ। বাংলাদেশে নির্বাচনের হিংসার ঘটনায় বাঁশপাতায় রক্ত ঝরে কালো সুতোর মত জমাট বেঁধে দুলছে—তিনি

দেখেছেন। ‘সংবাদ প্রতিদিন’ সংবাদপত্রের ‘রোববার’-এর ‘ফুল ফল মফস্সল’-এর লেখাগুলি বের হওয়া মাত্রই পাঠক মনে উচ্ছ্বাস জেগেছিল। এই লেখাগুলিতে মাতৃস্বরূপিণী বাংলার প্রতি তাঁর মায়া মমতা ভালোবাসার আবেশ জড়ানো প্রতিটি শব্দ, প্রতি অক্ষরে। প্রতিটি মফস্সল শহরে তাঁর সফরকালে যেন ইতিহাস ছিল। তাঁর সহযাত্রী। আর কবিতা, সে-ও তো হেঁটেছে।

■ মুদ্রিত মূল্য ৩৫০ টাকা প্রতিটি □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

আবৃত্তিচর্চা উৎপল কুণ্ড প্রচ্ছদ : মারুৎ কাশ্যপ

আবৃত্তি কবিতার বাচনমাত্র নয়। কবির অনুভব ও অভিজ্ঞতা থেকে একটি মহৎ শিল্পের জন্ম হয়, যার নাম কবিতা। তেমনি আবৃত্তিশিল্পীর অনুভব, অভিজ্ঞতা, পর্যবেক্ষণ ও মনন অবলম্বন করে, কবিতা বাচনের মধ্যে দিয়েই গড়ে ওঠে আবৃত্তি নামক এক শিল্পরূপ যার অনেকটাই ধ্বনিনির্ভর। কণ্ঠস্বর, উচ্চারণ, ছন্দ, অভিব্যক্তি চারটি প্রধান উপাদান সে রূপরচনার। এছাড়াও আছে, শব্দ ও নৈঃশব্দের বুনন, বাচনভঙ্গির দিবদল ইত্যাদি। ধারাবাহিকভাবে ধাপে ধাপে কেমন করে এগোতে পারে সেই সব অনুশীলন, এই গ্রন্থে তারই হৃদিশ। সেই সঙ্গে মনন ও পর্যবেক্ষণেরও কিছু ইঙ্গিত, লেখক ও তাঁর সহপাঠিকদের দীর্ঘ আবৃত্তিচর্চার নিরিখে। ■ মুদ্রিত মূল্য ৬০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫



আবৃত্তি শিল্প না কি উৎপল কুণ্ড প্রচ্ছদ : গৌতম মাঝি

‘তাদের হৃদয় আর মাথার মতন আমার হৃদয় না কি?— তাহাদের মন আমার মনে মতো না কি?’ কবি জীবনানন্দ ‘বোধ’ কবিতায় ‘না কি’ এই দুটি শব্দের মধ্যে যে সুর প্রতিষ্ঠা করেছিলেন, এই বইয়ের নামটিতে ‘না কি’ সেই সুরে উচ্চারণ করলে তবেই তার তাৎপর্য ধরা পড়বে। বোঝা যাবে এ বইতে কী বলতে চাওয়া হয়েছে। চারপাশে গল্প বলা, তীক্ষ্ণ বক্তব্য আর নাট্যরসসৃষ্টির যে-আবৃত্তি সহজলভ্য এবং স্বল্প আয়াসে মঞ্চ সাফল্যের যে অপ্রতিরোধ্য হাতছানি, তার বাইরে বিস্তৃত, আয়াসসাধ্য ও মগ্ন এক আবৃত্তি চর্চার ইঙ্গিত এ বইয়ের ‘প্রাক্কথন’-এর। আবৃত্তির যে-চর্চা শুধু বিনোদন জোগায় না, স্বল্প ও পরিশ্রুত করে। সেই নিবিড় আবৃত্তিসাধনার নিরিখে অন্যান্য শিল্পের আচার্যদের মত ও মন্তব্যগুলি বুঝে নেবার এক বিশ্লেষণী প্রয়াস। ■ মুদ্রিত মূল্য ২০০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

আবৃত্তি করার আগে উৎপল কুণ্ড প্রচ্ছদ : গৌতম মাঝি

কবির লেখা কবিতা কণ্ঠে তুলে নেন আবৃত্তিশিল্পী। যা ঘুমিয়ে থাকে ছাপার হরফে, তা-ই প্রাণবন্ত হয়ে ওঠে। তাকেই তো আবৃত্তি বলে। এই প্রাণদান যিনি করবেন, তাঁকে তো সেই সিদ্ধি অর্জন করতে হয়। আপনাআপনি তো কিছু হয়ে যায় না। তাঁকে পড়তে হয়, শুনতে হয়, ভাবতে হয়, কল্পনা করতে হয়, অনুভব করতে হয়, চারপাশের প্রকৃতি, মানুষ, সমাজ, সময় সব কিছু জরিপ করতে হয়-আর নিয়ত সযত্ন ও সজাগ অনুশীলন করতে থাকতে হয়। সেইসব কথাই সুখপাঠ্য ও সহজবোধ্য ভাষায়, প্রায় আলাপচারিতার মতো করে শুনিয়েছেন লেখক। ■ মুদ্রিত মূল্য ২৫০ টাকা □ পরম্পরা প্রকাশন কল-৯, M ৯৯০৩০ ৯১২২৫

